অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের প্রথম স্টেট ভেটেরানদের গোরস্তানের জন্য ফেডারেল তহবিল প্রাপ্তি উদযাপন করলেন

নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স কবরস্থান - ফিঙ্গার লেকস 2023 সালের ফেব্রুয়ারিতে রাষ্ট্রীয় মালিকানার অধীনে আসে

সম্প্রসারণ ও উন্নয়নকাজের জন্য জাতীয় গোরস্তান প্রশাসন 3.951 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের মালিকানাধীন ও পরিচালিত প্রথম ভেটেরানদের গোরস্তান - ফিঙ্গার লেকসের (New York State Veterans Cemetery - Finger Lakes) সম্প্রসারণ ও উন্নয়নকাজের প্রকল্প সমর্থন করতে প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পাওয়া গেছে। 2023 সালের ফেব্রুয়ারিতে স্টেট গোরস্তান প্রতিষ্ঠার ব্যাপারে গভর্নরের আনুষ্ঠানিক ঘোষণার উপর ভিত্তি করে এটি সম্ভব হয়েছে, এবং এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক যা নিশ্চিত করবে যাতে আগামী বহু প্রজন্মের জন্য স্টেট নিউ ইয়র্কের ভেটেরান ও তাদের পরিবারকে মর্যাদাপূর্ণ দাফনের বিকল্প প্রদান করে যেতে পারে।

"আমাদের ভেটেরানগণ আমাদের জন্য বহু কিছু করেছেন, এবং তাদের শেষনিদ্রার জন্য নিবেদিত, মর্যাদাপূর্ণ স্থান প্রদান সঠিক একটি কাজ," **গভর্নর হোকল বলেন।** "এই গোরস্তান প্রতিষ্ঠা আমার প্রশাসনের একটি গর্বের অর্জন, এবং আমি আমার সহকর্মীদের প্রতি কৃতজ্ঞ যারা এটি সম্ভব করেছেন। এই ফেডারেল তহবিলটি নিশ্চিত করবে যাতে গোরস্তানটি সর্বোচ্চ মানদন্ডে রক্ষণাবেক্ষণ করা হয়, যা এর প্রাপ্য।"

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান্স পরিষেবা বিভাগ (New York State Department of Veterans' Services, DVS) এর তত্ত্বাবধানে নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্তান - ফিঙ্গার লেকসটিতে সেনেকা কাউন্টির রোমিউলাস সেনেকা লেক সংলগ্ন 162 একর স্থান জুড়ে এবং স্যাম্পসন স্টেট পার্কের পাশে এটি অবস্থিত। এটি যাতে আগামী বহু প্রজন্ম ধরে নিউ ইয়র্ক স্টেটের বীরদের শেষনিদ্রার সম্মানিত একটি স্থান হিসেবে থাকতে পারে তা নিশ্চিত করতে বিকাশ ও নির্মাণ প্রকল্পের জন্য সাইটটিতে 147 একর জমি উপলভ্য আছে। গোরস্তানটি পূর্বের স্যাম্পসন নেভাল প্রশিক্ষণ স্টেশন (Sampson Naval Training Station) এবং স্যাম্পসন এয়ার ফোর্স ঘাঁটির (Sampson Air Force Base) সাইটে অবস্থিত, যেখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং কোরিয়ান যুদ্ধের

সময় কয়েক লাখ সেনা সদস্য প্রশিক্ষণ গ্রহণ করেছে। সাইটটি পরবর্তীতে একটি অস্থায়ী কলেজ এবং ডিসচার্জ হওয়া সৈন্য সদস্যদের জন্য একটি পৃথকীকরণ কেন্দ্র হিসেবে কাজ করে, এবং 2000 সালে এটি আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে যায়। কবরস্থানটি মেমোরিয়াল দিবসের জন্মস্থান হিসেবে পরিচিত ওয়াটারলুর নিকট অবস্থিত।

নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স পরিষেবা বিভাগের কমিশনার ভিভিয়ানা ডিকোয়েন বলেন, "আমাদের দেশের সেনাবাহিনীতে দায়িত্ব পালন করা সকল নিউ ইয়র্কবাসীর জন্য তাদের সেবা ও আত্মত্যাগের মূল্যের সাথে মানানসই মর্যাদাপূর্ণ উপায়ে তাদের শেষনিদ্রার ব্যবস্থা করা নিশ্চিত করার থেকে বড় সম্মান হতে পারে না। নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স সিমেট্রি - ফিঙ্গার লেকস নিশ্চিত করে যে সমস্ত নিউ ইয়র্কবাসী যারা সেবা করেছেন তাদের এমন একটি জায়গা থাকবে যেখানে তারা সামরিক পরিষেবার সমৃদ্ধ উত্তরাধিকার যুক্ত পবিত্র মাটিতে তাদের চূড়ান্ত সম্মান পেতে পারেন। গুরুত্বপূর্ণ এই মুহূর্তে পৌঁছাতে তাদের প্রয়াসের জন্য গভর্নর হোকল, সেনেকা কাউন্টিতে গোরস্তানটির অস্তিত্বের পুরো সময় এটির রক্ষণাবেক্ষণকারী সকলের প্রতি, এবং জাতীয় গোরস্তান প্রশাসনে (National Cemetery Administration, NCA) আমাদের অংশীদারদের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স সিমেট্রি - ফিঙ্গার লেক হাজার হাজার আমেরিকান বীরদের জন্য পবিত্র ভূমি যারা আমাদের জাতিকে রক্ষা করেছিল। গোরস্তানের সম্প্রসারণ ও উন্নয়নকাজের জন্য অতি প্রয়োজনীয় তহবিল নিশ্চিত করতে এই বছরের শুরুর দিকে আমাদের ভেটেরান অ্যাডভোকেটদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার পর, আমি আজকে মোট 4 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে সাহায্য করতে পেরে গর্বিত, এটি নিউ ইয়র্কের সর্বপ্রথম স্টেট ভেটেরানদের গোরস্তানের জন্য মূল তহবিল থেকে চল্লিশ শতাংশের বেশি বর্ধিত পরিমান। আমাদের ভেটেরানগণ আমাদের স্বাধীনতা রক্ষা করেছেন, এবং আমাদের দেশের জন্য সেবাদানকারী বীর নারী ও পুরুষদের শেষনিদ্রার জন্য একটি মানানসই স্থান নিশ্চিত করার মাধ্যমে এই তহবিলটি তাদের অবদানকে সম্মান জানাবে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "আমাদের ভেটেরানগণ এবং তাদের পরিবার আমাদের মহান দেশের প্রতিরক্ষায় সর্বস্ব ত্যাগ করেছেন, এবং তাদের অবদানের সাথে মানানসই একটি শেষনিদ্রার স্থানে স্মরণীয় হয়ে থাকা তাদের প্রাপ্য। যেহেতু কাছেই রয়েছে মেমোরিয়াল দিবসের জন্মস্থান ওয়াটারলু, তাই ফিঙ্গার লেকস অঞ্চলে এই সম্মানের জন্য এর থেকে ভালো খুব কম স্থানের কথাই আমি মনে করতে পারি, এবং এটি সংরক্ষণ করার জন্য আমাদের পক্ষে যা কিছু সম্ভব তা করা উচিত। আমাদের এলাকার ভেটেরান গোরস্তান সম্প্রসারণ ও উন্নয়নের জন্য এই পর্যায়ের ফেডারেল বিনিয়োগ দেখে আমি গর্বিত, এবং আমাদের সেনাবাহিনীর প্রতি গভর্নর হোকলের সমর্থনের জন্য তার প্রতি কৃতজ্ঞ।"

সেনেকা কাউন্টির সুপারভাইজার বোর্ডের চেয়ারম্যান মাইকেল এনস্লো বলেন, "নিউ ইয়র্কের রোমিউলাসে, সেনেকা কাউন্টিতে স্টেটের প্রথম ভেটেরানদের গোরস্তানের জন্য জাতীয় গোরস্তান প্রশাসন যে 3.91 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল প্রদান করছে তা জেনে আমরা আনন্দিত। এতো মানুষের পরিশ্রম অব্যাহত হতে দেখা সত্যিই সম্মানের ব্যাপার। যেসব

ভেটেরান আমাদের দেশের জন্য দায়িত্ব পালন করেছেন এবং চূড়ান্ত আত্মত্যাগ করেছেন তাদের সম্মান জানানো যাতে আমরা অব্যাহত রাখতে পারি এই তহবিলটি তা নিশ্চিত করবে।"

সেনেকা কাউন্টি ব্যবস্থাপক কাইল লেভেল বলেন, "আজকে আমরা রোমিউলাসে নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্থানকে টিকিয়ে রাখতে এবং এর উন্নয়নে সাহায্য করার জন্য 3.91 মিলিয়ন মার্কিন ডলার অনুদান বিনিয়োগ করার মাধ্যমে আমাদের দেশের বীরদের সম্মান জানাচ্ছি। ন্যাশনাল সিমেট্রি অ্যাডমিনিস্ট্রেশনের এই উদার অনুদান আমাদের প্রবীণ সৈনিকদের ত্যাগ চিরকাল স্মরণীয় এবং তাদের উত্তরাধিকার লালন করা নিশ্চিত করতে সাহায্য করবে। আমাদের ভেটেরানদের সম্মান জানানোর জন্য সেনেকা কাউন্টির অব্যাহত নিবেদনের অংশ হতে পেরে আমি অত্যন্ত কৃতজ্ঞ এবং আমাদের দেশের জন্য বীরত্ব ও সম্মানের সাথে যারা দায়িত্ব পালন করেছন তাদের প্রতি স্থায়ী শ্রদ্ধাঞ্জলি হিসেবে নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্তানের টিকে থাকা নিশ্চিত করতে এই অনুদানটি সাহায্য করবে।"

আজকে ঘোষিত ফেডারেল তহবিলটি হলো 2022 সালে শুরু হওয়া একটি প্রক্রিয়ার চূড়ান্ত পরিণতি, যখন জাতীয় গোরস্তান প্রশাসন নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্তান - ফিঙ্গার লেকস সম্পর্কিত প্রকল্পসমূহের জন্য 2.8 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করে। একটি নকশা ও পরিকল্পনা পর্যায়ের পর, যেই সময় প্রকল্পটি যাতে ফেডারেল বিশেষ শর্ত অনুসরণ করে তা নিশ্চিত করতে NYS DVS সেনেকা কাউন্টি এবং NCA এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে, NCA নিউ ইয়র্কের চূড়ান্ত অনুদানের অর্থ 40 শতাংশের বেশি বৃদ্ধি করে 3.951 মিলিয়ন মার্কিন ডলার করে। এই তহবিলটি একটি কলম্বারিয়াম, রক্ষণাবেক্ষণ বিল্ডিং, রক্ষণাবেক্ষণ ইয়ার্ড এবং সহায়ক অবকাঠামো সহ আপগ্রেড করার অনুমতি দেবে।

688,000 এর বেশি ভেটেরানের বাড়ি নিউ ইয়র্ক স্টেটে, এবং গভর্নর হোকলের প্রশাসন নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্তান - ফিঙ্গার লেকস প্রতিষ্ঠা করার আগ পর্যন্ত, নিউ ইয়র্ক পুরো দেশের অল্প কিছু স্টেটের মধ্যে ছিল যেখানে কোন ফেডারেল স্বীকৃত, স্টেট মালিকানাধীন এবং পরিচালিত ভেটেরানদের গোরস্তান ছিল না। নিউ ইয়র্ক স্টেট ভেটেরানদের গোরস্তান - ফিঙ্গার লেকস সকল যোগ্য ভেটেরান (ফেডারেল আইন দ্বারা সংজ্ঞায়িত) এবং তাদের যোগ্য পরিবারের সদস্যদের কবরস্থান হওয়ার জন্য উন্মুক্ত।

ভেটেরান্স পরিষেবা বিভাগ সম্পর্কে

1945 সাল থেকে ভেটেরান, সৈন্য সদস্য, এবং সামরিক পরিবারের জন্য স্টেটের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করা নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান্স পরিষেবা বিভাগ সকল ভেটেরান, সৈন্য সদস্য, এবং সামরিক পরিবারকে ব্যাপক ব্যাপ্তির অনুশীলন ক্ষেত্রে সেবাদান করার একটি এজেন্সিব্যাপী প্রতিশ্রুতি বজায় রাখে, যার মধ্যে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগ থেকে বেনিফিট পাওয়ার দাবি ও আপিল, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের (United States Department of Defense, DoD) কাছে ডিসচার্জ আপগ্রেড করার আপিল, এবং নিউ ইয়র্ক স্টেট বেনিফিটের জন্য দাবি করা। তাদের চাহিদার ব্যাপারে কাজ করতে এবং তাদের অর্জন করা সম্পূর্ণ বেনিফিট ব্যবস্থা পাওয়ার জন্য একজন স্বীকৃত ভেটেরান্স বেনিফিট উপদেষ্টার (Veterans Benefits Advisor) সাথে সশরীরে বা ভার্চুয়ালি দেখা করার জন্য ভেটেরান, সৈন্য সদস্য, এবং সামরিক পরিবারকে বিভাগের সাথে 888-838-7697 নম্বরে বা তাদের ওয়েবসাইট

veterans.ny.gov এ যোগাযোগ করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। DVS-কে ফলো করুন ফেসবুক, ইন্সটাগ্রাম এবং টুইটার-এ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন